

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৫৩

٩. यन गलाता त्र्रिष्ठ উপদেশমালा (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যারা আল্লাহকে স্মরণ করে, তাঁর কাছে জান্নাত চায়, জাহান্নাম থেকে আশ্রয় চায় (আমরা আল্লাহর কাছে জাহান্নাম থেকে আশ্রয় চাই), মহান আল্লাহ তাদের ক্ষমা করে দেন

ذِكْرُ إِنْبَاتِ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا لِلْقَوْمِ الَّذِينَ يَذْكُرُونَ اللَّهَ مَعَ سُوَّالِهِمْ إِيَّاهُ الْجَنَّةَ وَتَعَوُّذِهِمْ بِهُمَا بِهِ مِنَ النَّارِ نَعُوذُ بِاللَّهِ مِنْهَا

আরবী

858 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنِ الرَّيَّانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ رَبِّهِ قَالَ: حَدَّثَنَا الْفُضَيْلُ بْنُ عِيَاضٍ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ لِلَّهِ مَلاَئِكَةً فُضُلاً عَنْ كُتَّابِ النَّاسِ يَمْشُونَ فِي الطُّرُقِ يَلْتَمِسُونَ اللَّهُ تَبَارِكَ وَتَعَالَى تَنَادَوْا: هَلُمُّوا إِلَى الطُّرُقِ يَلْتَمِسُونَ الدَّكْرَ فَإِذَا رَأُوْا أَقْوَامًا يَذْكُرُونَ اللَّهَ تَبَارِكَ وَتَعَالَى تَنَادَوْا: هَلُمُّوا إِلَى عَلَيْكُمُ وَنَ اللَّهُ تَبَارِكَ وَتَعَالَى تَنَادَوْا: هَلُمُّوا إِلَى عَادَاتِكُمْ فَيَحُولُونَ: هَلُولُ السَّمَاءِ فَيَسْأَلُهُمْ رَبُّهُمْ جَلَّ وَهُو أَعْلَمُ بِهِمْ فَيَقُولُ: عَلَيْكُمُ وَيَعْمُدُونَكَ فَيَقُولُ: هَلُ رَأَوْنِي؟ فَيَقُولُونَ: يَسْبَحُونَكَ وَيَحْمَدُونَكَ فَيَقُولُ: هَلْ رَأَوْنِي؟ فَيَقُولُونَ: يَعْبَدُونَكَ وَيَحْمَدُونَكَ فَيَقُولُ: هَلْ رَأَوْفَكَ كَيْفُ لُونَ الْقَدُولُ: هَلْ رَأَوْفَكَ الْعَلَمُ اللَّهُ تَعْرَدُونَ؟ فَيَقُولُونَ: يَسْأَلُونَكَ يَا رَبِّ الْجَنَّةَ فَيَقُولُ لَهُمْ: هَلْ رَأَوْهَا؟ فَيَقُولُونَ: يَسْأَلُونَكَ يَا رَبِّ الْجَنَّةَ فَيَقُولُ لَهُمْ: هَلْ رَأَوْهَا؟ فَيَقُولُونَ: يَسْأَلُونَكَ يَا رَبِّ الْجَنَّةَ فَيَقُولُ لَهُمْ: هَلْ رَأَوْهَا؟ فَيَقُولُونَ: يَسْأَلُونَكَ يَا رَبِّ الْجَنَّةَ فَيَقُولُ لَهُمْ رَأُوهَا؟ فَيَقُولُ: فَيَقُولُ لَا أَسْمَا الْمُعَمِّ فَيَعُولُ لَكُونَا أَسُولَا أَسُونَا أَشَدَا أَسُونَا أَشَا الْمُعَلَى الْمُولَا أَسُونَا أَسُوا أَسُولَا أَسُولَا أَسُولَا أَسُولَا أَسُولَا أَسُولَا أَسُولَا

الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 853 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা



৮৫৩. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "মানুষের আমল লিপিবদ্ধকারী ফেরেস্তা ছাড়াও আরো অতিরিক্ত ফেরেস্তা রয়েছেন, যারা রাস্তায় হেঁটে হেঁটে যিকিরকারীদের খোঁজে। যখন তাঁরা এমন সম্প্রদায়কে পায়, যারা আল্লাহর যিকির করছে, তখন পরস্পরকে ডাক দিয়ে বলেন, "তোমরা তোমাদের উদ্দেশ্যের দিকে এসো। (অর্থাৎ তোমরা যে যিকরকারীদের তালাশ করছো, তারা এখানে) অতঃপর তাঁরা তাঁদের পাখা দিয়ে আসমান পর্যন্ত পরিবেষ্টন করেন অতঃপর তাঁদের প্রতিপালক তাঁদেরকে জিজ্ঞেস করেন অথচ তিনি তাদের সম্পর্কে সমধিক জ্ঞাত, তিনি বলেন, "আমার বান্দাগণ কী বলছে?"

ফেরেস্তাগণ বলবেন, "হে প্রতিপালক, তারা আপনার পবিত্রতা ঘোষনা করছে ও আপনার প্রশংসা করছে। মহান আল্লাহ বলবেন, "তারা কি আমাকে দেখেছে?" তাঁরা জবাবে বলবেন, "জ্বী, না।" তিনি বলবেন, "তাদের অবস্থা কেমন হতো, যদি তারা আমাকে দেখতো?" জবাবে তারা বলবেন, "যদি তারা আপনাকে দেখতো, তবে তারা আপনার আরোও বেশি পবিত্রতা ঘোষনা করতো, আপনার মহিমা প্রকাশ করতো, আপনার বড়ত্ব জাহির করতো এবং আরো বেশি আপনার প্রশংসা করতো।" তিনি বলবেন, "তারা কী চান?" জবাবে তারা বলবেন, "হে প্রতিপালক, তারা আপনার কাছে জাল্লাত চাচ্ছেন।" তিনি বলবেন, "তারা কি জাল্লাত দেখেছে?" তাঁরা বলবেন, "না, আল্লাহর কসম! হে প্রতিপালক।" তিনি বলবেন, "তাদের অবস্থা কেমন হতো, যদি তারা তা দেখতো?" জবাবে তারা বলবেন, "যদি তারা তা দেখতো, তবে তাদের সেটা চাওয়া ও পাওয়ার লালসা আরো প্রকট হতো।" তিনি বলবেন, "তারা কী থেকে আশ্রয় চাচ্ছে?" তাঁরা জবাবে বলবেন, "তারা আপনার কাছে জাহাল্লাম থেকে আশ্রয় চাচ্ছে।" তিনি বলবেন, তারা কি জাহাল্লাম দেখেছে?" তাঁরা বলবেন, "না, আল্লাহর কসম! হে প্রতিপালক।" তিনি বলবেন, "তাদের অবস্থা কেমন হতো, যদি তারা তা দেখতো?" জবাবে তারা বলবেন, "যদি তারা তা দেখতো, তবে তারা আরোও প্রকটভাবে তা থেকে আশ্রয় চাইতো।" তখন তিনি বলবেন, "তবে আমি তোমাদের সাক্ষী রেখে বলছি, আমি তাদেরকে ক্ষমা করে দিলাম!"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৫১; সহীহ মুসলিম: ২৬৮৯; তিরমিযী: ৩৬০০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আত তিরমিয়ী: ৩৮৫২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন